



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৩.১৯-১৪৭

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬  
১৯ মার্চ ২০২০

বিষয়ঃ বিজ্ঞ সহকারী জজ আদালত, মেহেন্দীগঞ্জ, বরিশাল-এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমান নং-৭০/২০১৯ এর আর্জির কপিসহ সমন পুনরায় টিএমইডিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

সূত্রঃ সহকারী জজ আদালত, মেহেন্দীগঞ্জ, বরিশাল কর্তৃক গত ০৯.০৯.১৯ তারিখে প্রেরিত সমন নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনৈক জনাব মো: আবদুজ জাহের বাদী হয়ে বিজ্ঞ সহকারী জজ আদালত, মেহেন্দীগঞ্জ, বরিশাল-এ দেওয়ানী মোকদ্দমা নং-৭০/২০১৯ দায়ের করা হয়। উক্ত মামলায় ১৩ নং বিবাদী হিসেবে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে উল্লেখপূর্বক সমন প্রেরণ করা হয়েছে।

০২। সমন নোটিশে উল্লেখ রয়েছে যে, দেওয়ানী নং-৭০/২০১৯ মামলার শুনানী ২০/১০/২০১৯ তারিখ বেলা ১০ টার সময় বিবাদী স্বয়ং উপস্থিত হয়ে বা কোন উকিলের দ্বারা বাদীর নালিশের জবাব দাখিল করবে। সে সাথে যে সকল দলিলের উপর নির্ভর করে বর্ণনা (জবাব) দাখিল করবেন তাহা উপস্থিত করতে প্রস্তুত থাকবেন এবং দাবী সম্পর্কে কোন প্রতিবাদ না হইলে ঐদিন চূড়ান্ত নিষ্পত্তি হইবে মর্মে সমনে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৩। উল্লেখ্য যে, Civil procedure code (CPC) এর order-v এর rule 2-এ এ বর্ণিত আছে “Every summons shall be accompanied by a copy of the plaint of, if so permitted, by a concise statement”. অর্থাৎ প্রতিটি সমনের সাথে আর্জির কপি সংযুক্ত করার বাধ্যবাধকতা রয়েছে।

০৪। কিন্তু উক্ত সমনটি ১০.০৩.২০২০ খ্রি. তারিখে টিএমইডিতে পাওয়া যায়। তাছাড়া উক্ত সমনের সাথে দেওয়ানী মোকদ্দমাটির আর্জির কপি (Plaint) সংযুক্ত না পাওয়ায় মামলার বিষয়বস্তু সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যাচ্ছে না। এমনকি উক্ত মামলার বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করাও সম্ভব হচ্ছে না।

০৫। যেহেতু আর্জিবিহীন সমন পাওয়ার কারণে সরকার তথা TMED এর পক্ষে উক্ত মামলা বিষয়ে কোন পদক্ষেপ নেয়া যাচ্ছে না। অধিকন্তু আর্জির কপিবিহীন সমন জারী একটি পদ্ধতিগত ত্রুটি। উক্ত ত্রুটির বিষয়টি বিজ্ঞ আদালতের গোচরে নেয়া প্রয়োজন। উল্লেখ্য, আর্জির কপি না থাকায় উক্ত মামলাটি কোন সংস্কারে তা সনাক্ত করা সম্ভব হয়নি।

০৬। এমতাবস্থায়, উক্ত ত্রুটির বিষয়টি বিজ্ঞ কৌশলির মাধ্যমে আদালতের গোচরে নিয়ে আর্জির কপিসহ সমন পুনরায় আগামী ৩১.০৩.২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সমন নোটিশ -০১ (এক) পাতা।

(মো.আ. খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব(অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সেরেস্তাদার, সহকারী জজ আদালত, মেহেন্দীগঞ্জ, বরিশাল।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।